

সুপারিশ নেই, তাই হলে জায়গাও নেই টাবির এসএম হল

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

আওয়ামী লীগ নেতাদের প্রত্যয়নপত্র দিতে না পারায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সলিমুল্লাহ মুসলিম হল (এসএম হল) থেকে প্রথম বর্ষের শিক্ষার্থীদের হল থেকে বের করে দিয়েছে ছাত্রলীগের নেতারা। গত সোমবার রাত্রে এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী ছাত্র এবং ছাত্রলীগের কয়েকজন নেতা জানান, চলতি ২০১৩-১৪ শিক্ষাবর্ষের প্রথম বর্ষের ছাত্রদের হলে উঠানো শুরু করেছে ছাত্রলীগ। হল প্রশাসন এ ব্যাপারে কোনো পদক্ষেপ গ্রহণ করেনি। গত কয়েকদিনে হলে ২৫ থেকে ৩০ জন প্রথম বর্ষের ছাত্রকে উঠানো হয়েছে। এর মধ্যে তারা অনেক ছাত্র হলে উঠার জন্য ছাত্রলীগের নেতাদের সাথে যোগাযোগ করে। সোমবার রাত্রে হলে থাকা এবং হলে উঠতে ইচ্ছুক ছাত্রদের হলের প্রশাসনে আসতে বলেন ছাত্রলীগের হল শাখার সাধারণ সম্পাদক দিনার মুহাম্মদ নিজামুল ইসলাম। বিশ্ববিদ্যালয়ে সদ্য ভর্তি হওয়া প্রায় একশ' জন ছাত্র রাত ১০টার দিকে সেখানে জড়ো হন। ইতিমধ্যে হলে অবস্থানকারী এবং হলে উঠতে ইচ্ছুক ছাত্ররা ছাত্রলীগের রাজনীতি করেন কিংবা তাদের পরিবার আওয়ামী লীগের রাজনীতির সাথে জড়িত এমন বর্ষে প্রত্যয়নপত্র চান দিয়ার। এদের মধ্যে ছয়-সাত জন তা দেখাতে পারলেও অন্যরা ব্যর্থ হন। ফলে প্রায় ৯০ জন ছাত্রকে তিনি হল থেকে রাত্রেই বের করে দেন।

জানা যায়, বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষের ছাত্রদের হলে থাকার নিয়ম নেই। কিন্তু প্রথম বর্ষের ভর্তি প্রক্রিয়া চলাকালীন সময় হলের গেটে অবস্থান করেন ছাত্রলীগের নেতা-কর্মীরা। তারা তখন ছাত্রদের হলে উঠতে পরামর্শ দেন এবং হলে উঠা বেন বলে প্রতিশ্রুতি দেন। পরে ছাত্ররা তাদের সাথে যোগাযোগ করলে স্থানীয় আওয়ামী লীগ নেতার প্রত্যয়নপত্র নিয়ে আসতে বলা হয় শিক্ষার্থীদের।

এ প্রসঙ্গে জানতে পড়করা মঙ্গলবার দিনারের সাথে বোঝাইলে যোগাযোগের চেষ্টা করা হলে তার ফোন বন্ধ পাওয়া যায়। সোমবার রাত্রে তিনি সাংবাদিকদের বলেন, যে ছাত্ররা তার কাছে এসেছিল তাদের পাঁচ দিনের মধ্যে এলাকার আওয়ামী লীগের কোনো নেতার সুপারিশ বা প্রত্যয়নপত্র ফোন নম্বরসহ নিয়ে আসতে বলেছি। এরপর ছাত্রদের হলে তুলবো।

হলের প্রভোস্ট সাহাবুদ্দীন আমম জেগারকার বলেন, ঘটনাটি দুঃখজনক। তবে প্রথম বর্ষের ছাত্রদের হলে উঠার নিয়ম নেই। তবে কোনো ছাত্রের কারণে অন্য ছাত্ররা হয়রানির শিকার হলে অভিযোগের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।